# ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রাম

## পরিচিতিঃ

এসএসসি পাশ ও তদুর্ধ্ব শিক্ষার্থীদের বন, পরিবেশ, বন্যপ্রাণী ও জীব বৈচিত্র্য, বন ব্যবহার, সামাজিক বনায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ে শিক্ষা সম্প্রসারণ করার লক্ষ্যে চট্টগ্রামে ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়। এ প্রতিষ্ঠানে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি ডিগ্রী প্রদান করা হয়। বর্তমানে এ ইনস্টিটিউটে ছাত্রীরাও অধ্যয়ন করছে। ডিপ্লোমা ইন ফরেস্ট্রি কোর্সের শিক্ষার্থীদেরকে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে বন ও পরিবেশ সম্পর্কিত জ্ঞানে পারদর্শী করা হয়। প্রশিক্ষণ শেষে বন বিদ্যায় ডিপ্লোমাধারী এসব শিক্ষার্থীরাই প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বন অধিদপ্তরে ফরেস্টার হিসেবে যোগদান করে মাঠ প্রশাসনে অন্যতম দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশে উল্লেখযোগ্য সংখ্যক ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি জ্ঞান লব্ধ মানব সম্পদের প্রয়োজন। সে হিসেবে এ ইনস্টিটিউট বন উন্নয়ন ও সংরক্ষণের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ শিক্ষা প্রতিষ্ঠানে নানাবিধ প্রতিকূলতা ও সমস্যা রয়েছে। দেশের পরিবেশ সংরক্ষণ, বন উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বিষয়টির উপর গুরুত্ব দিয়ে ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রামের বিদ্যমান সমস্যাদি সমাধান করে যুগপোযোগী শিক্ষা কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন।

ফরেস্ট্রি সায়েন্স এন্ড  টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রাম ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হয়। চট্টগ্রাম মহানগরীর পূর্ব নাসিরাবাদ শিল্প এলাকায় ফরেস্ট একাডেমী, চট্টগ্রাম এর পার্শ্বে পাহাড়ী ভূমিতে এটি প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটি বন অধিদপ্তরের আওতাধীন এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রবিধান অনুসারে পরিচালিত হয়। এটি একটি সম্পূর্ণ আবাসিক প্রতিষ্ঠান। এখানে ৮ সেমিস্টারে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি কোর্স সম্পন্ন করা হয়ে থাকে। প্রতি শিক্ষাবর্ষে ৫০ জন শিক্ষার্থী ভর্তি করার সুযোগ থাকে। পূর্বে এ প্রতিষ্ঠানটি ফরেস্ট স্কুল, চট্টগ্রাম নামে পরিচিত ছিল। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং-পবম/বন-শাখা-৩/বন-২৭/০৫/৩৫৫ তাং-০৬/০৫/০৯ইং মূলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে ''ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রাম" করা হয়েছে।




## ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি কোর্সে ছাত্র ভর্তি প্রক্রিয়াঃ

ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রামে ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি কোর্সে ছাত্র ভর্তির  প্রাথমিক কার্যক্রম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সম্পন্ন করা হয়। এক্ষেত্রে বিভিন্ন শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড জাতীয় দৈনিক পত্রিকায় ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়। বিগত ০৩ বছরে যে সকল ছাত্র-ছাত্রী এসএসসি/ দাখিল/এসএসসি(ভোক)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ  এবং সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত তারাই ভর্তির জন্য অন লাইনে আবেদন করতে পারে। অন লাইনে আবেদন করার পর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তির জন্য মেধা ভিত্তিক তালিকা (জিপিএ এর ভিত্তিতে) তাদের ওয়েব সাইটে প্রকাশ করে। এক্ষেত্রে ভর্তির জন্য কোন পরীক্ষা গ্রহণ করা হয় না। মেধা তালিকার ভিত্তিতে নির্ধারিত সময় সীমার মধ্যে ভর্তি ফি ও প্রয়োজনীয় অন্যান্য কাগজ-পত্রসহ  ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রাম কর্তৃক ভর্তির চূড়ান্ত প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

## সরাসরি তৃতীয় পর্বে ভর্তি প্রক্রিয়াঃ

ক) বাংলাদেশে স্বীকৃত শিক্ষা বোর্ড হতে গনিত/উচ্চতর গণিতে পাশসহ এইচএসসি (বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল) /আলিম (বিজ্ঞান) এ উত্তীর্ণ হতে হবে।

খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০২০ হতে ২০২৪ সালে এইচএসসি (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) বিভাগ হতে উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

গ) বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৫ হতে ২০২৪ সালে এইচএসসি(বিজ্ঞান) এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।



## কর্মকান্ডঃ

১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে এখানে প্রথম ৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি কোর্সে ছাত্র ভর্তি করা হয় এবং পরবর্তীতে কোর্সটি ৪ বৎসর মেয়াদী কোর্সে উন্নীত করা হয়। এ পর্যন্ত ২৫টি ব্যাচে মোট ৭৫৪ জন ছাত্র/ছাত্রী (১৭ জন ছাত্রী) ডিপ্লোমা ইন ফরেস্ট্রি কোর্স সম্পন্ন করেছে। বর্তমানে ৪টি ব্যাচে মোট ১২৫ জন ছাত্র/ছাত্রী অধ্যয়নরত আছে।

চলমান ডিপ্লোমা ইন ফরেস্ট্রি কোর্সঃ ২৬তম, ২৭তম, ২৮তম ও ২৯তম।

| ক্রমিক নং | ব্যাচ | শিক্ষাবর্ষ | অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ২৬তম | ২০২০-২০২১ | ৩৮ | ৮ম সেমিস্টার। মাঠ সংযুক্তি প্রশিক্ষণ সদ্য সমাপ্ত |
| ২। | ২৭তম | ২০২১-২০২২ | ২৩ | ৬ষ্ঠ সেমিস্টার |
| ৩। | ২৮তম | ২০২২-২০২৩ | ২৩ | ৪র্থ সেমিস্টার |
| ৪। | ২৯তম | ২০২৩-২০২৪ | ৪১ | ২য় সেমিস্টার |
| | | সর্বমোটঃ | ১২৫ | |

চলতি ২০২৪-২৫ শিক্ষা বর্ষের ৩০তম ব্যাচ এর ভর্তি কার্যক্রম চলমান। ইতিমধ্যে ৪০ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। ১০ জন নতুন ভর্তির সুযোগ রয়েছে যা কারিগরি শিক্ষা বোর্ডে প্রক্রিয়াধীন।

এ প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন ফরেস্ট্রি কোর্স সম্পন্ন করে প্রায় ৩০০ জন শিক্ষার্থী বন অধিদপ্তরে ফরেস্টার পদে চাকরি করছে। অবশিষ্টরা সরকারী ও বেসরকারী অন্যান্য প্রতিষ্ঠানে (কারিতাস, ব্র্যাক, আরণ্যক ফাউন্ডেশন, ইপসা, কেয়ার বাংলাদেশ, মহানন্দা নার্সারী, চা বাগান, রাবার বাগান ও ব্যাংকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ইত্যাদি) চাকরিরত।

## নিয়মিত কার্যক্রমঃ

ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, চট্টগ্রাম-এর নিজস্ব ওয়েবসাইট (www.fsti.chittagong.gov.bd) রয়েছে। যা প্রতিনিয়িত হালনাগাদ করা হয়ে থাকে। অত্র প্রতিষ্ঠানের ছাত্র ভর্তি, পরীক্ষার সময়সূচি, ফরম পূরণের সময়সূচি, পরীক্ষার প্রকাশিত ফলাফল ও জরুরী নির্দেশনা সংক্রান্ত নোটিশসমূহ ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হয়।